# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১৭৭

২৯/ আংটির বিবরণ অধ্যায় (كتاب الخاتم)

পরিচ্ছেদঃ ৪. লোহার আংটি ব্যাবহার সম্পর্কে।

باب مَا جَاءَ فِي خَاتَمِ الْحَدِيدِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ حَدَّثَنَا عَاصِمُ بْنُ كُلَيْبٍ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْ اللَّهُمَّ اهْدِنِي وَسَدِّدْنِي وَاذْكُرْ بِالْهِدَايَةِ هِدَايَةَ الطَّرِيقِ وَاذْكُرْ بِالسَّدَادِ تَسْدِيدَكَ السَّهْمَ قَالَ وَنَهَانِي أَنْ أَضَعَ الْخَاتَمَ فِي هَذِهِ أَوْ فِي هَذِهِ لِلسَّبَّابَةِ وَالْوُسْطَى شَكَّ عَاصِمٌ وَنَهَانِي عَنْ الْقَسِّيَّةِ وَالْمِيثَرَةِ قَالَ أَبُو بُرْدَةَ فَقُلْنَا لِعَلِيٍّ مَا الْقَسِّيَّةُ قَالَ ثِيَابٌ تَأْتِينَا مِنْ الشَّامِ أَوْ مِنْ مِصْرَ مُضَلَّعَةٌ فِيهَا أَمْثَالُ الْأُتْرُجِّ قَالَ وَالْمِيثَرَةُ شَيْءٌ كَانَتْ تَصْنَعُهُ النِّسَاءُ لِبُعُولَتِهِنَّ

বাংলা

৪১৭৭. মুসাদ্দাদ (রহঃ) .... আবূ বুরদা (রহঃ) আলী (রাঃ) থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেনঃ তুমি বল, ইয়া আল্লাহ্! আমাকে হিদায়ত দিন এবং দীনের উপর দৃঢ় রাখুন। হিদায়াতের অর্থ হলোঃ সরল সঠিক রাস্তার উপর চলা এবং দৃঢ়তার অর্থ হলোঃ তীর তৈরী অথবা তা চালানোর দক্ষতা অর্জন করা। আলী (রাঃ) বলেনঃ তিনি আমাকে এ আঙ্গুল এবং এ আঙ্গুলে আংটি পরতে নিষেধ করেন, অর্থাৎ বৃদ্ধা তর্জনী ও মধ্যমায়।

রাবী আসিম (রহঃ) এতে সন্দেহ প্রকাশ করেন, এবং বলেনঃ তিনি আমাকে ’কিসীয়া’ ও ’মীছারা’ কাপড় পরতে নিষেধ করেন। আবূ বুরদা (রহঃ) বলেন, আমি আলী (রাঃ)-কে ’কিসীয়া’ সম্পর্কে জিজ্ঞাসা করলে, তিনি বলেনঃ তা এক প্রকার ডোরাদার কাপড়, যা শাম বা মিসর থেকে দেশে আসে এবং তাতে রঙিন ছবি অংকিত থাকে। আর ’মীছারা’ হলো সে রেশমী কাপড়, যা স্ত্রী লোকেরা তাদের স্বামীদের জন্য তৈরী করে থাকে।

> লাল মার্ক করা অংশের অনুবাদে সঠিক না হবার কারনে তা সংশোধন করা হল। - হাদিসবিডি এডমিন

## English

Narrated Ali:

The Messenger of Allah (ﷺ) said to me: Say: O Allah, guide me, and set me right. Remember by guidance (hidayah) the showing of the straight path, and remember by setting right (sadad) the setting right of an arrow. Then pointing to the middle finger and the one next to it, he said: He forbade me to wear a signet-ring on this finger of mine or on this (Asim was doubtful). He forbade me to wear qassiyyah (qasi garments) and mitharah. Abu Burdah said: We asked 'Ali: What is qasiyyah ? He said: These are garments imported to us from Syria or Egypt. They are stripped and marked like citrons. And mitharah was a thing made by women for their husbands.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ‘আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36283

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন